গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(মাননীয় মন্ত্রীর দপ্তর)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রেস রিলিজ

জনপ্রতিনিধিদের জনগণের জন্য কাজ করার আহ্বান জানান স্থানীয় সরকার মন্ত্রী।

ঢাকা, ২২ অক্টোবর, ২০২২, শনিবার।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেন, জনপ্রতিনিধিদের জনগণকে সাথে নিয়ে সৃজনশীল সমাজ প্রতিষ্ঠার জন্য কাজ করতে হবে৷

শনিবার সকালে রাজধানীর আগারগাঁওয়ের স্থানীয় সরকার ইন্সটিটিউটে কুমিল্লা সিটি করপোরেশনের কাউন্সিলরদের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

মন্ত্রী বলেন জনপ্রতিনিধিরা হলেন সমাজের পথ প্রদর্শক । শুধু ভৌত অবকাঠামো উন্নয়নে নয় সামাজিক উন্নয়নেও জনপ্রতিনিধিদের অবদান রাখতে হবে। উন্নয়ন করতে হবে পরিকল্পিতভাবে। তিনি কুমিল্লা শহরকে আদর্শ শহর হিসেবে গড়ে তোলার জন্য কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র ও কমিশনারদের প্রতি আহ্বান জানান।

বর্তমান ডেঙ্গু পরিস্থিতি সম্পর্কে মন্ত্রী জানান সরকার ডেঙ্গু মোকাবিলার জন্য কাজ করছে। এবছর অন্য সময়ের তুলনায় থেমে থেমে বৃষ্টি হয়েছে। মূলত আবহাওয়া পরিবর্তনের জন্যই এবছর এসময়ে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। মন্ত্রী আরো বলেন বর্তমানে ডেঙ্গুর অবস্থা বেদনাদায়ক কিন্তু সিঙ্গাপুর, মালায়শিয়া, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম ও ফিলিপাইনসহ অনেক দেশের তুলনায় এখনো অনেক ভালো। ইতিমধ্যে মেয়রগণকে চিরুনি অভিযানসহ আরো নিবিড়ভাবে কাজ করার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র আরফানুল হক রিফাত কাউন্সিলরদের উদ্দেশ্য বলেন, আমরা আইনের মধ্যে থেকে কাজ করব। তিনি আরো বলেন দূর্নীতি মুক্ত ও সততার সাথে সবাইকে দায়িত্ব পালন করতে হবে।

স্থানীয় সরকার বিভাগের সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, এছাড়াও জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকতাগণ উপস্থিত ছিলেন৷

স্বাক্ষরিত/-

মোঃ রুবেল রানা
জনসংযোগ কর্মকর্তা
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মোবাইল-০১৫২১৫১৭২৯৩
ইমেইল-pro.lgd20@gmail.com

সম্মানিত বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার/সি,ডিপিআইও(প্রেস)
সকল সংবাদ মাধ্যম/পিআইডি।

সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের জন্য
সিটি কর্পোরেশন সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণ কোর্স
উদ্বোধন অনুষ্ঠান
প্রধান অতিথি : জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
বিশেষ অতিথি: জনাব আরফানুল হক রিফাত, মাননীয় মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন
সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, সচিব, স্থানীয় সরকার বিভাগ
তারিখ: ২২ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ
আয়োজনে: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।

সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের জন্য
সিটি কর্পোরেশন সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণ কোর্স
উদ্বোধন অনুষ্ঠান
প্রধান অতিথি : জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
বিশেষ অতিথি: জনাব আরফানুল হক রিফাত, মাননীয় মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন
সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, সচিব, স্থানীয় সরকার বিভাগ
তারিখ: ২২ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ
আয়োজনে: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।